# মডেল টেস্ট– ৫

## প্রাথমিক বিজ্ঞান

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান– ১০০

[দ্রষ্টব্য : দক্ষিণ পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]

**১। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ :** ১ × ৫০ = ৫০

১. শিমুল বাগানে একটি সাপকে ব্যাঙ ধরে খেতে দেখল। সাপ ও ব্যাঙের শক্তি প্রবাহের ধারাবাহিক প্রক্রিয়া কী নামে পরিচিত?

ⓚ খাদ্য জাল ⓚ খাদ্য শৃঙ্খল
ⓖ খাদ্যসম্পর্ক ⓖ বাস্তুসংস্থান

২. সুমনদের পুকুরে বিভিন্ন ধরনের মাছের চাষ করা হয়। মাছগুলো কোন ধরনের জীবের অন্তর্ভুক্ত?

ⓚ পতঙ্গের ⓚ পানির ⓖ মাটির ⓖ খাদক

৩. রিপনদের পেয়ারা গাছে কাঠবিড়ালি প্রতিদিন পেয়ারা খায়। এখানে পরস্পর নির্ভরশীল উপাদান দুটি কী?

ⓚ রিপন ও কাঠবিড়ালি ⓚ রিপন ও পেয়ারা
ⓖ কাঠবিড়ালি ও পেয়ারা গাছ ⓖ রিপন ও পেয়ারা গাছ

৪. তোমার এলাকার পরিবেশ সবুজ রাখতে এলাকাবাসীদের নিয়ে নিচের কোন কাজটি করবে?

ⓚ নিজ এলাকার বস্তি অন্যত্র স্থানান্তর
ⓚ প্রত্যেকের বাড়ির ফাঁকা স্থানে বৃক্ষ রোপণ
ⓖ জলাশয় ভরাট করে গৃহহীনদের জন্য গৃহনির্মাণ
ⓖ গ্রামকে পরিচ্ছন্ন রাখার জন্য আবর্জনা নদীতে ফেলা

৫. নাবিল পঞ্চম শ্রেণিতে পড়ে। সে শব্দ দূষণ রোধে কীভাবে সহায়তা করতে পারে?

ⓚ বিনা প্রয়োজনে গাড়ির হর্ন না বাজিয়ে
ⓚ মাইকের যথাযথ ব্যবহার করে
ⓖ শ্রেণিকক্ষে হট্টগোল না করে
ⓖ জনসমাগমের আওয়াজ সহনীয় মাত্রায় রেখে

৬. কমলের পরিবার দীর্ঘদিন ধরে তাদের বাড়ির নলকূপের পানি পান করছে। হঠাৎ করে তাদের হাতে ও পায়ের চামড়ায় ঘা দেখা দিল। কেন এমনটি হলো?

ⓚ পানি ময়লাযুক্ত ছিল ⓚ নলকূপটি বন্যায় ডুবে গিয়েছিল
ⓖ নলকূপের পানি আর্সেনিকযুক্ত ছিল ⓖ পানিতে জন্ডিসের জীবাণু ছিল

৭. হারুন পানির অবস্থার পরিবর্তনের কারণে বর্ষাকালে বৃষ্টি ও শীতকালে শিশিরের বিন্দু দেখতে পেল। এ দুটি উপাদান কী থেকে তৈরি হয়?

ⓚ পানি ⓚ বাষ্প ⓖ মেঘ ⓖ কুয়াশা

৮. কিসলুদের পুকুরের পানিতে কলকারখানার রাসায়নিক দ্রব্য ও গৃহস্থালির বর্জ্য ফেলা হয়। এ পানির বৈশিষ্ট্য কোনটি?

ⓚ পানযোগ্য ⓚ রোগহীন ⓖ পরিষ্কার ⓖ ময়লাযুক্ত

৯. তোমার বাড়ির পাশে ইটভাটা থাকায় পরিবারের সদস্যরা প্রায়ই কাশিতে ভোগে, এর কারণ–

ⓚ ইটভাটায় উঁচু চিমনি ব্যবহার না করা
ⓚ ইটভাটায় অনেক যন্ত্রপাতি ব্যবহার না করা
ⓖ ইটভাটায় মাটি কাটার ফলে
ⓖ ইটভাটায় অনেক শ্রমিক কাজ করার ফলে

১০. তোমার এলাকায় জীবাশ্ম জ্বালানি পোড়ানোর ফলে বায়ুতে বিভিন্ন গ্যাস নির্গত হয়। বায়ু দূষণ রোধে তুমি কী করবে?

ⓚ যেখানে সেখানে ময়লা ফেলবে ⓚ বেশি করে গাছ লাগাবে
ⓖ বেশি করে গাছ কাটবে ⓖ যেখানে সেখানে থুতু ফেলবে

http://teachingbd.com

১১. নাজিম আকাশে বিদ্যুৎ চমকাতে দেখল। বিদ্যুৎ চমকানোর পেছনে কোন শক্তি কাজ করে?

ক আলোক শক্তি   খ তড়িৎ শক্তি
গ তাপ শক্তি   ঘ রাসায়নিক শক্তি

১২. আকাশ সাইকেলে চড়ে অফিসে যাচ্ছে। এখানে সাইকেলের চলা কোন ধরনের শক্তি?

ক গতিশক্তি   খ স্থিতি শক্তি   গ বিদ্যুৎ শক্তি   ঘ সৌরশক্তি

১৩. মনোয়ার একখণ্ড বরফের টুকরা পানির পাত্রের মধ্যে ছেড়ে দিল। বরফে পানির অণুসমূহের বন্ধন কেমন থাকে?

ক নরম   খ দৃঢ়   গ ফাঁকা   ঘ শিথিল

১৪. আমান সাহেব বাজার থেকে ইলিশ মাছ কিনে আনলেন। তার স্ত্রী বরফ না দিয়ে কীভাবে মাছটি সংরক্ষণ করতে পারেন?

ক মরিচ দিয়ে   খ হলুদ দিয়ে   গ পানি দিয়ে   ঘ লবণ দিয়ে

১৫. তোমার পড়ার ঘরের কোনে একটি ভাঙা গ্লাসে কিছু পরিষ্কার পানি দীর্ঘদিন ধরে রয়েছে। কেন তুমি ভাঙা গ্লাসটি পানিসহ ডাস্টবিনে ফেলে দিবে, কারণ—

ক বসন্ত রোগের প্রাদুর্ভাব হতে পারে
খ কলেরা রোগের প্রাদুর্ভাব হতে পারে
গ ডেঙ্গু জ্বরের প্রাদুর্ভাব হতে পারে
ঘ ডায়রিয়া রোগের প্রাদুর্ভাব হতে পারে

১৬. ঢাকার একটি রেস্তোরাঁর মালিক বিভিন্ন খাদ্যদ্রব্যকে আকর্ষণীয় করার জন্য কৃত্রিম রং ও রাসায়নিক ব্যবহার করে। এতে মানুষের দেহে কোন অঙ্গটির সমস্যা দেখা দিতে পারে?

ক হৃৎপিণ্ডের   খ কিডনির   গ মাথার   ঘ চোখের

১৭. লাভলু কয়েকদিন ধরে টাইফয়েডে আক্রান্ত হয়েছে। এ রোগটি কিসের মাধ্যমে বিস্তার লাভ করে?

ক জীবাণুযুক্ত দূষিত বায়ুর   খ জীবাণুযুক্ত দুর্গন্ধ বায়ুর
গ জীবাণুযুক্ত দূষিত পানির   ঘ জীবাণুযুক্ত রক্তের

১৮. রবি অসুস্থ। তাই তার কফ, থুতু মুখ বন্ধ কৌটায় ফেলে মাটিতে চাপা দেওয়া হলো। রবির কোন রোগ হয়েছে?

ক বসন্ত   খ আমাশয়   গ হাম   ঘ সর্দিজ্বর

১৯. শাহাদাতদের বাড়িতে গ্রীষ্মকালে সূর্যের তাপ বেশি পায়। এ সময় সূর্য কীভাবে কিরণ দেয়?

ক হেলানো অবস্থায়   খ কোনাকুনিভাবে
গ খাড়াভাবে   ঘ তির্যকভাবে

২০. আরেফিন লাটিম ঘুরাতে পারে। পৃথিবী লাটিমের মতো নিজ অক্ষের উপর কোন বস্তুর চারদিকে ঘুরছে?

ক চাঁদ   খ তারা   গ সূর্য   ঘ ছায়াপথ

২১. হান্নান পৃথিবীর উত্তর গোলার্ধে বাস করে যেখানে দিন বড় এবং রাত ছোট হয়। এ সময়ে দক্ষিণ গোলার্ধে কী হবে?

ক শীতকাল   খ গ্রীষ্মকাল   গ বর্ষাকাল   ঘ বসন্তকাল

২২. সালমা ছোট বস্তুকে বড় করে দেখার জন্য একটি প্রযুক্তি ব্যবহার করে। প্রযুক্তিটির নাম কী?

ক কম্পিউটার   খ মাইক্রোস্কোপ
গ টেলিস্কোপ   ঘ স্ক্যানার

Teachingbd.com

২৩. যুক্তরাষ্ট্রে রেলগাড়ি চালাতে বাষ্পীয় ইঞ্জিন ব্যবহার করা হয়। কিসের ক্ষমতাকে কাজে লাগিয়ে বিজ্ঞানীরা বাষ্পীয় ইঞ্জিন উদ্ভাবন করেছে?
ক আগুনের
খ জলীয় বাষ্পের
গ হিলিয়ামের
ঘ অক্সিজেনের

২৪. আরিফ ফেসবুক ব্যবহার করে বন্ধুদের সাথে তথ্য বিনিময় করে। সে কোন মাধ্যমটির সাহায্যে ফেসবুক ব্যবহার করে?
ক ইন্টারনেট খ ফ্যাক্স গ সিডি ঘ পেন ড্রাইভ

২৫. শরীফের মোবাইল ফোনে ৩২ গিগাবাইটের মেমোরি কার্ড খালি আছে। সে এটি ব্যবহার করে কী করতে পারে?
ক তথ্য বিনিময় খ তথ্য সংরক্ষণ গ তথ্য বিপ্লব ঘ তথ্য সংগ্রহ

২৬. চারদিকে মেঘের গর্জনে বজ্রঝড়ে মিঠু আতঙ্কে ঘর থেকে বের হলো না। কোন সময়ে আমাদের দেশে এ বজ্রঝড় দেখা যায়?
ক চৈত্রের শেষে ও বৈশাখ মাসে
খ ফাল্গুনের শেষে ও চৈত্র মাসে
গ বৈশাখের শেষে ও জ্যৈষ্ঠ মাসে
ঘ জ্যৈষ্ঠের শেষে ও আষাঢ় মাসে

২৭. কাচের তৈরি ঘরে শাকসবজি চাষ করতে সূর্যের তাপ আবদ্ধ করে রাখা হয়। এ ঘটনার প্রতিক্রিয়ার ফলে কোনটি ঘটতে পারে?
ক কৃষি উৎপাদন কমে যেতে পারে
খ ঘূর্ণিঝড় ঘন ঘন আঘাত হানতে পারে
গ বৃষ্টিপাতের পরিমাণ কমে যেতে পারে
ঘ সমুদ্রের পানির উচ্চতা কমে যেতে পারে

২৮. করিমদের শহরে বায়ুচাপ বেশ কম কিন্তু রহিমদের শহরে বেশি। এর কারণ কী?
ক তাপ খ জলীয় বাষ্প গ বৃষ্টি ঘ শৈত্যপ্রবাহ

২৯. ক্ষুদ্র উদ্যোক্তা আজমল সাহেব এলাকায় নতুন কারখানা স্থাপনের সিদ্ধান্ত নিলেন। বায়ুমণ্ডলে কার্বন ডাইঅক্সাইড গ্যাসের নিঃসরণ কমানোর জন্য তিনি কী ব্যবহার করতে পারেন?
ক প্রাকৃতিক জ্বালানি
খ কৃত্রিম জ্বালানি
গ নবায়নযোগ্য জ্বালানি
ঘ অনবায়নযোগ্য জ্বালানি

৩০. সরকার একটি প্রাকৃতিক দুর্যোগে শুকনা খাদ্য সংগ্রহ ও সংরক্ষণের ব্যবস্থা নিল। প্রাকৃতিক দুর্যোগটি কী হতে পারে?
ক ভূমিকম্প খ বন্যা গ জলোচ্ছ্বাস ঘ ঘূর্ণিঝড়

৩১. গণেশদের এলাকায় বিদ্যুতের চাহিদা মেটাতে সৌর বিদ্যুতের ব্যবহার জনপ্রিয় হয়ে উঠেছে। সৌর বিদ্যুৎ ব্যবহারের সবচেয়ে গুরুত্বপূর্ণ দিক কোনটি?
ক খরচ কম হয়
খ পরিবেশের কোনো ক্ষতি হয় না
গ সহজে বহন করা যায়
ঘ কোনো যন্ত্রপাতি লাগে না

৩২. এমদাদদের গ্রামে বৈদ্যুতিক লাইন না থাকায় আধুনিক সুযোগ-সুবিধা থেকে সেখানকার জনগণ বঞ্চিত রয়েছে। কোন শক্তি ব্যবহার করে তাদের গ্রামের লোকজন বিদ্যুৎ পেতে পারে?
ক সৌরশক্তি
খ তাপ শক্তি
গ চুম্বক শক্তি
ঘ যান্ত্রিক শক্তি

৩৩. বিজয়ের বাবা যাতায়াতের জন্য নতুন উদ্ভাবিত প্রযুক্তি হাইব্রিড গাড়ি ব্যবহার করেন। এ ধরনের গাড়ি কোনটির ব্যবহার কমাতে ভূমিকা রাখে?
ক সৌরশক্তির
খ বায়ু শক্তির
গ জীবাশ্ম জ্বালানির
ঘ বিদ্যুৎ শক্তির

৩৪. ঢাকা শহরে মানুষেরা নানা সমস্যায় জর্জরিত। এখানে কীভাবে নিরাপদ পরিবেশ বজায় রাখা যায়?
ক বনায়ন ধ্বংস করে
খ ডিজেল চালিত যানবাহনের ব্যবহার বৃদ্ধি করে
গ জনসংখ্যা নিয়ন্ত্রণ করে
ঘ অধিক সংখ্যক শিল্পকারখানা স্থাপন করে

৩৫. হামিদদের শহরে নাগরিকদের নতুন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা হয়েছে। নতুন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি মানুষের কী ধরনের চাহিদা?
ক রাজনৈতিক খ বৈদেশিক
গ মৌলিক ঘ নাগরিক

৩৬. একের অধিক খাদ্য শৃঙ্খল একত্রিত হলে কোনটি তৈরি করে?
ক বাস্তুসংস্থান খ বড় খাদ্য শৃঙ্খল
গ খাদ্য জাল ঘ ক্ষুদ্র বাস্তুসংস্থান

৩৭. প্রাণীর মাধ্যমে উদ্ভিদের কোন অংশ বিভিন্ন স্থানে ছড়িয়ে পড়ে?
ক বীজ খ মূল গ কাণ্ড ঘ পাতা

৩৮. কোনটি বায়ু দূষণের কারণ?
ক কীটনাশকের ব্যবহার খ কলকারখানার ধোঁয়া
গ উচ্চ শব্দে গান বাজানো ঘ রাসায়নিক পদার্থের মিশ্রণ

৩৯. কোথায় বিশেষ প্রক্রিয়ায় পানি শোধন করে ঘরে ঘরে সরবরাহ করা হয়?
ক গ্রাম খ বড় বড় শহর
গ পাহাড়ি এলাকা ঘ উপকূলীয় এলাকা

৪০. কার্বন ডাইঅক্সাইড গ্যাস কোন কাজে ব্যবহার করা হয়?
ক অগ্নিনির্বাপক যন্ত্রে খ চিপসের প্যাকেটে
গ পর্বতারোহীদের সিলিন্ডারে ঘ ফল সংরক্ষণে

৪১. নিচের কোনটি যান্ত্রিক শক্তি?
ক বায়ুপ্রবাহ খ জ্বালানি তেল গ চুলার আগুন ঘ খাবার

৪২. কৃত্রিম রং মেশানো খাবার মানুষের কী রোগ সৃষ্টি করে?
ক ক্যানসার খ টাইফয়েড গ বসন্ত ঘ ইনফ্লুয়েঞ্জা

৪৩. কোনটি ম্যালেরিয়া বা ডেঙ্গু রোগের বাহক?
ক কুকুর খ প্রজাপতি গ মশা ঘ মাছি

৪৪. গ্রীষ্মকালে সূর্য কীভাবে কিরণ দেয়?
ক লম্বভাবে খ তির্যকভাবে গ খাড়াভাবে ঘ হেলানোভাবে

৪৫. বৈজ্ঞানিক পদ্ধতির কোন ধাপের মাধ্যমে পরীক্ষণের প্রাপ্ত তথ্য ও ফলাফল বিশ্লেষণ করে সঠিক কিনা যাচাই করা হয়?
ক পর্যবেক্ষণ খ প্রশ্নকরণ গ অনুমান ঘ সিদ্ধান্ত গ্রহণ

৪৬. তথ্য সংরক্ষণ প্রযুক্তি কোনটি?
ক রেডিও খ টেলিভিশন গ পেন ড্রাইভ ঘ মনিটর

৪৭. কোনো এলাকায় বায়ুচাপ ভীষণ হ্রাস পাওয়ার প্রভাব কোনটি?
ক শৈত্যপ্রবাহ খ খরা গ ভূমিকম্প ঘ বন্যা

৪৮. গ্রিন হাউজ কী?
ক মুরগি পালনের জন্য নির্মিত ঘর
খ মানুষের বসবাসের জন্য নির্মিত ঘর
গ গরু পালনের জন্য নির্মিত ঘর
ঘ সবুজ শাকসবজি চাষের জন্য নির্মিত ঘর

৪৯. নিচের কোনটি মানবসৃষ্ট সম্পদ?
ক পাথর খ পশুপাখি গ গাছপালা ঘ কাচ

TeachingBD.com

৫০. ২০১১ সালের আদমশুমারি অনুযায়ী বাংলাদেশের জনসংখ্যা কত ছিল?
ক) ১২ কোটি ৯৩ লক্ষ খ) ১২ কোটি ৯৯ লক্ষ
গ) প্রায় ১৪ কোটি ঘ) প্রায় ১৫ কোটি

২। **নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে উত্তরপত্রে লেখ :** ১ × ১৫ = ১৫

(ক) তোমার বেঁচে থাকার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ তিনটি উপাদানের নাম লেখ।
(খ) দূষিত বায়ুর কারণে তোমার দেহে কী কী রোগ হতে পারে?
(গ) তোমাদের গ্রামে ডেঙ্গু কীভাবে ছড়ায়?
(ঘ) তুমি ব্যবহার কর এমন কয়েকটি ব্রাউজিং সফটওয়্যারের নাম লেখ।
(ঙ) তোমার চারপাশে দেখা কয়েকটি প্রাকৃতিক সম্পদের নাম লেখ।
(চ) পরিবেশ সংরক্ষণের একটি উপায় লেখ।
(ছ) বাষ্পীভবন কাকে বলে?
(জ) বায়ুপ্রবাহ কী?
(ঝ) শক্তি কী?
(ঞ) খাদ্য সংরক্ষণের উপকারিতা কী?
(ট) চাঁদের বিভিন্ন দশার কারণ কী?
(ঠ) জৈব প্রযুক্তি কী?
(ড) আবহাওয়ার উপাদানগুলো কী কী?
(ঢ) গ্রিন হাউজ প্রভাব কী?
(ণ) বাংলাদেশের ক্ষেত্রফল কত?

৩। **ক, খ, গ, ঘ এবং ঙ নং প্রশ্নসহ যেকোনো সাতটি প্রশ্নের উত্তর লেখ :** ৫ × ৭ = ৩৫

(ক) পরিবেশের প্রধান উপাদান কয়টি ও কী কী? সুস্থভাবে জীবের বেঁচে থাকার জন্য কিসের প্রয়োজন? মানুষ বাড়ার সাথে পরিবেশ দূষণের সম্পর্ক তিনটি বাক্যে উল্লেখ কর। ১ + ১ + ৩ = ৫

(খ) গ্রীষ্মের শেষে পড়ন্ত এক বিকালে ঝড়ো হাওয়ায় শাহেদদের গ্রামের ঘরবাড়ি ও গাছপালা লন্ডভন্ড হয়ে গেল। এমনটি হওয়ার কারণ কী? ক্ষতিসাধন করা পরিবেশের এ উপাদানটির চারটি অপরিহার্য দিক উল্লেখ কর। ১ + ৪ = ৫

(গ) মজিদদের গ্রামে কলেরা রোগের প্রাদুর্ভাব দেখা দিয়েছে। কলেরা কোন ধরনের সংক্রামক রোগ? সংক্রামক রোগ বহনকারী তিনটি জীবাণুর নাম লেখ। কলেরা রোগ প্রতিরোধের তিনটি উপায় লেখ। ১ + ১ + ৩ = ৫

(ঘ) মুক্তচিন্তায় বিশ্বাসী জাফর সাহেব বিজ্ঞান নিয়ে গবেষণা করেন। বিজ্ঞান কী? বিজ্ঞানের অগ্রগতি কিসের উপর নির্ভরশীল? বিজ্ঞানের কোনো বিষয় গবেষণা করার জন্য বৈজ্ঞানিক পদ্ধতির পরীক্ষণ ধাপটি তিনটি বাক্যে লেখ। ১ + ১ + ৩ = ৫

(ঙ) শফিকদের বাড়ি দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চল বরগুনা জেলায়। জলবায়ু পরিবর্তনের কারণে তাদের এলাকায় কী সমস্যা দেখা দিতে পারে? দুটি বাক্যে লেখ। এ ধরনের সমস্যা প্রতিরোধের তিনটি উপায় উল্লেখ কর। ২ + ৩ = ৫

(চ) উদ্ভিদের জন্য বীজের বিস্তরণ কেন গুরুত্বপূর্ণ তা পাঁচটি বাক্যে লেখ। ১ × ৫ = ৫

(ছ) বাড়ির আশপাশে বৃক্ষ রোপণ করে কীভাবে শক্তি সংরক্ষণ করা যায়? পাঁচটি বাক্যে লেখ। ১ × ৫ = ৫

(জ) কীভাবে সৌরজগৎ, মিল্কিওয়ে গ্যালাক্সি ও মহাবিশ্ব সম্পর্কযুক্ত? পাঁচটি বাক্যে লেখ। ১ × ৫ = ৫

(ঝ) কীভাবে নিম্নচাপ সৃষ্টি হয়? পাঁচটি বাক্যে লেখ। ১ × ৫ = ৫

(ঞ) পাঁচটি প্রাকৃতিক সম্পদের একটি করে ব্যবহারের তালিকা তৈরি কর। ১ × ৫ = ৫

http://teachingbd.com

# মডেল টেস্ট - ৫ এর উত্তরমালা

১।

| | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | খ | ৩ | গ | ৪ | খ | ৫ | গ | ৬ | গ | ৭ | খ | ৮ | ঘ |
| ৯ | ক | ১০ | খ | ১১ | খ | ১২ | ক | ১৩ | খ | ১৪ | ঘ | ১৫ | গ | ১৬ | খ |
| ১৭ | গ | ১৮ | ঘ | ১৯ | গ | ২০ | গ | ২১ | ক | ২২ | খ | ২৩ | খ | ২৪ | ক |
| ২৫ | খ | ২৬ | ক | ২৭ | ক | ২৮ | খ | ২৯ | গ | ৩০ | খ | ৩১ | খ | ৩২ | ক |
| ৩৩ | গ | ৩৪ | গ | ৩৫ | গ | ৩৬ | গ | ৩৭ | ক | ৩৮ | খ | ৩৯ | গ | ৪০ | ক |
| ৪১ | ক | ৪২ | ক | ৪৩ | গ | ৪৪ | গ | ৪৫ | ঘ | ৪৬ | গ | ৪৭ | ঘ | ৪৮ | ঘ |
| ৪৯ | ঘ | ৫০ | ঘ | | | | | | | | | | | | |

২। (ক) আমার বেঁচে থাকার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ তিনটি উপাদান হলো– মাটি, পানি ও বায়ু।

(খ) দূষিত বায়ুর কারণে আমার এলার্জি, কাশি, হাঁপানি, ব্রঙ্কাইটিস, উচ্চ রক্তচাপ, মাথাব্যথা, ফুসফুসে ক্যানসার ইত্যাদি মারাত্মক রোগ হতে পারে।

(গ) আমাদের গ্রামে মশার কামড়ের মাধ্যমে ডেঙ্গু রোগ ছড়ায়।

(ঘ) আমি ব্যবহার করি এমন কয়েকটি ব্রাউজিং সফটওয়্যার হলো : মজিলা ফায়ারফক্স (Mozila Firefox), ইন্টারনেট এক্সপ্লোরার (Internet Explorer), গুগল ক্রোম (Google Chrome), অপেরা (Opera) এবং সাফারি (Suffery)।

(ঙ) আমার চারপাশে দেখা কয়েকটি প্রাকৃতিক সম্পদ হলো– সূর্যের আলো, মাটি, পানি, বায়ু, গাছপালা, পশুপাখি ইত্যাদি।

(চ) পরিবেশ সংরক্ষণের একটি উপায় হলো প্লাস্টিক, পলিথিন ও ধাতব জিনিস প্রক্রিয়াজাত করে ব্যবহার করা।

(ছ) তরল থেকে বাষ্পে পরিণত হওয়ার প্রক্রিয়াকে বাষ্পীভবন বলে।

(জ) বায়ু স্থিরভাবে কোনো নির্দিষ্ট স্থানে থাকে না, সর্বদা এক স্থান থেকে অন্য স্থানে প্রবাহিত হয়। একে বায়ুপ্রবাহ বলে।

(ঝ) কোনো কিছু করার সামর্থ্যই হলো শক্তি।

(ঞ) খাদ্য সংরক্ষণ অপচয় রোধ করে ও দ্রুত পচন থেকে খাদ্যকে রক্ষা করে। এছাড়া খাদ্য সংরক্ষণের মাধ্যমে বিভিন্ন মৌসুমি খাদ্যদ্রব্য সারা বছর পাওয়া যায়।

(ট) পৃথিবীকে আবর্তনের সময় পৃথিবীর দিকে মুখ করা, চাঁদের আলোকিত অংশের পরিমাণের ভিন্নতা দেখা যায়। আর এ কারণেই চাঁদের বিভিন্ন দশা সৃষ্টি হয়।

(ঠ) মানুষের কল্যাণে নতুন কিছু উৎপাদনে জীবের ব্যবহারই হলো জৈব প্রযুক্তি।

(ড) আবহাওয়ার উপাদানগুলো হলো তাপমাত্রা, আর্দ্রতা, বায়ুপ্রবাহ, মেঘ, বৃষ্টিপাত, কুয়াশা ও বায়ুচাপ।

(ঢ) যে প্রাকৃতিক প্রক্রিয়ার সাহায্যে বায়ুমণ্ডলে উপস্থিত কার্বন ডাইঅক্সাইড, জলীয় বাষ্প ও অন্যান্য কয়েকটি গ্যাসীয় পদার্থ পৃথিবীপৃষ্ঠ থেকে বিকিরিত তাপকে মহাশূন্যে ফিরে যেতে না দিয়ে ভূপৃষ্ঠ ও তৎসংলগ্ন বায়ুমণ্ডলকে উত্তপ্ত রাখে তাকে গ্রিন হাউজ প্রভাব বলে।

(ণ) বাংলাদেশের ক্ষেত্রফল ১,৪৭,৫৭০ বর্গ কিলোমিটার।

Teachingbd.com